

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭০৩

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৩৬. একই প্রাণীর উপর তিনজন লোক আরোহন করা

بَابِ فِي الدَّابَّةِ يَرْكَبُ عَلَيْهَا ثَلَاثَةُ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا ثَابِتُ بْنُ يَزِيدَ قَالَ حَدَّثَنَا عَاصِمٌ الْأَحْوَلُ عَنْ مُوْرِقٍ عَنْ عَبْدِ  
اللَّهِ بْنِ جَعْفَرٍ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَفَ تُلْقِيَ بِي وَبِالْحَسَنِ أَوْ  
بِالْحُسَيْنِ قَالَ وَأَرَاهُ قَالَ الْحَسَنَ فَحَمَلَنِي بَيْنَ يَدِيهِ وَالْحَسَنَ وَرَاءَهُ قَدِمْنَا الْمَدِينَةَ وَنَحْنُ  
عَلَى الدَّابَّةِ الَّتِي عَلَيْهَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

২৭০৩. আবদুল্লাহ্ ইবনু জাফর রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি  
ওয়াসাল্লাম কোন সফর হতে ফেরার সময় একদিন আমাকে এবং হাসান বা হুসাইনকে সম্মুখে পেলেন। তিনি  
(রাবী) বলেন, আমার মনে হয় হাসানকে। তারপর তিনি আমাকে তাঁর সামনে বসালেন আর হাসানকে তাঁর  
পেছনে বসালেন। এমনকি এভাবে আমরা সেই পশ্চর উপর আরোহী অবস্থায় মদীনায় প্রবেশ করলাম, যার উপর  
নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, ফাযাইলুস সাহাবাহ ২৪২৮; ((আবু দাউদ, জিহাদ ২৫৬৬; নাসাই, কুবরা ২/৮৭৭-৮৭৮ নং  
৪২৪৬; ইবনু মাজাহ, আদাব ৩৭৭৩ আহমাদ ১/২০৩।- ফাতভুল মানান হা/২৮৩০ এর টীকা হতে।-অনুবাদক))

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬৭৯১ ও মুসনাদুল হুমাইদী নং ৫৪৮ তে।

সংযোজনী: ইবনু আবী শাইবা ৯/৩৫ নং ৬৪২৪।

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁজিরীকৃত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জাফার (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82988>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন